

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং
ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৫০১.১৪.৯২৪.২৩- ২৩৩

তারিখ ২২ বৈশাখ, ১৪৩১
২০ এপ্রিল, ২০২৪

বিষয়: 'ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে-২০২৩' শীর্ষক জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এসভিআরএস এর স্থানীয় রেজিস্ট্রার ও মেডিকেল টেকনোলজিস্টের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং কর্তৃক বাস্তবায়নাধীন 'ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে-২০২৩' শীর্ষক জরিপ কার্যক্রম সম্পন্ন করার জন্য এসভিআরএস এর নির্ধারিত পিএসইউ হতে নমুনায়ন প্রক্রিয়ায় সারাদেশ থেকে ৪৩৪টি পিএসইউ নির্বাচন করা হয়েছে। প্রতিটি পিএসইউ হতে নমুনায়ন প্রক্রিয়ায় নির্বাচিত ২০ টি খানা হতে সাধারণ ডেমোগ্রাফিক তথ্য ও রক্তের নমুনা সংগ্রহ করা হবে। প্রতিটি পিএসইউ তে একজন তথ্যসংগ্রহকারী ডেমোগ্রাফিক তথ্য সংগ্রহ করবেন এবং পাশাপাশি একজন মেডিকেল টেকনোলজিস্ট উক্ত খানার ১৪-৩৫ বছর বয়সী একজন সদস্যের রক্তের নমুনা সংগ্রহ করবেন। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত এসভিআরএস এর স্থানীয় রেজিস্ট্রার এবং প্রতিটি পিএসইউ এর জন্য একজন দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন (কমপক্ষে ডিপ্লোমা ডিগ্রিধারী ও ৩ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন) মেডিকেল টেকনোলজিস্টের নামের তালিকা প্রয়োজন।


০২। বর্ণিতাবস্থায়, আপনার আওতাধীন নির্বাচিত প্রতিটি পিএসইউ এর জন্য একজন স্থানীয় রেজিস্ট্রার ও একজন মেডিকেল টেকনোলজিস্টের নামের তালিকা (সংযুক্ত ছক অনুযায়ী) আগামী ৩০ এপ্রিল, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক) নির্বাচিত পিএসইউ এর তালিকা;

খ) এসভিআরএস এর স্থানীয় রেজিস্ট্রারদের নামের তালিকা প্রেরণের ছক;

গ) মেডিকেল টেকনোলজিস্টদের নামের তালিকা প্রেরণের ছক

যুগ্মপরিচালক
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়
.....বিভাগ


মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০৭০৫৬

ই-মেইল: dg@bbs.gov.bd

অনুলিপি: সদয় অবগতির জন্য:

১। পরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।

২। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।

৩। পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস।

৪। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।

৫। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।

৬। অফিস কপি।

ছক-১: স্থানীয় রেজিস্ট্রারদের তালিকার ছক

নং	রেজিস্ট্রারের নাম	PSU নম্বর	Whatsapp নম্বর

ছক-২: মেডিকেল টেকনোলজিস্টদের তালিকার ছক

নং	মেডিকেল টেকনোলজিস্টের নাম	PSU নম্বর	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা (বছর)	Whatsapp নম্বর